

U.G. 6th Semester Examination 2022

BENGALI (Honours)

Paper Code : BNGH - DSE - 4A/4B/4C

Full Marks : 32

Time : Two Hour

*The figures in the margin indicate full marks.  
Candidates are required to give their answers  
in their own words as far as practicable.*

যে কোনও একটি গুচ্ছের সব প্রশ্নের উত্তর দাও।

গুচ্ছ - ক

(বাংলাদেশের উপন্যাস ও ছোটগল্প)

- ১। 'চিলেকোঠার সেপাই' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ৮
- অথবা
- 'চিলেকোঠার সেপাই' উপন্যাসের ওসমান চরিত্রটির বিশেষত্ব আলোচনা করো। ৮
- ২। 'চিলেকোঠার সেপাই' উপন্যাসটিকে রাজনৈতিক উপন্যাস বলা যায় কি না সে সম্পর্কে যুক্তিসহ তোমার মতামত দাও। ৮
- অথবা
- 'চিলেকোঠার সেপাই' উপন্যাসের প্রধান দুটি নারী চরিত্র অবলম্বনে নারী চরিত্র নির্মাণে উপন্যাসিকের কৃতিত্ব বিচার করো। ৮
- ৩। প্রকৃতির রোষ শুধু চরবিলাপীকেই তছনছ করে নি, সেই সঙ্গে গুঁড়িয়ে দিয়েছে জব্বুইরার 'দুর্দান্ত পুরুষ হৃদয়'কে। সেলিনা হোসেনের 'ছায়াসূর্য' গল্প অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো। ৮
- অথবা
- হুমায়ূন আহমেদের 'অচিন বৃক্ষ' গল্পটিতে কুসংস্কারকে আবৃত করে মহীয়ান হয়ে উঠেছে প্রেম। মন্তব্যটি বিচার করো। ৮
- ৪। সেলিনা হোসেন 'মানুষটি' গল্পের মূল চরিত্রের কোনো নাম না দিয়ে বোঝাতে চেয়েছেন সব মানুষের মধ্যেই তার বীজ উদ্ভূত রয়েছে। গল্পের চরিত্রটি বিশ্লেষণ করে এ বিষয়ে তোমার মতামত দাও। ৮
- অথবা
- 'যন্ত্র মানুষের জীবনে স্বাচ্ছন্দ্য এনে দিতে পারে, কিন্তু আনন্দময় জীবন গড়ে দিতে পারে না।' হুমায়ূন আহমেদের 'যন্ত্র' গল্পটি অবলম্বনে মন্তব্যটি আলোচনা করো। ৮

(রবীন্দ্রনাথ ঠাকুরের প্রবন্ধ)

- ১। শিক্ষার হেরফের' প্রবন্ধটির মূল বক্তব্যটি স্পষ্ট করো। এই বক্তব্যের প্রাসঙ্গিকতা এখনো রয়েছে কিনা, তা সংক্ষেপে লেখো।

৮

অথবা

'শিক্ষা সমস্যা' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর আধুনিক শিক্ষা ব্যবস্থার যে সমস্যাগুলি তুলে ধরেছেন তা ব্যাখ্যা করো।

৮

- ২। 'স্ত্রী শিক্ষা' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর স্ত্রী শিক্ষা প্রসঙ্গে যে মতামত দিয়েছেন তা বিস্তারিত আলোচনা করো।

৮

অথবা

"আধুনিক শিক্ষা তার বাহন পায় নাই।" — শিক্ষার বাহন' প্রবন্ধে শিক্ষার সর্বজনীনতা প্রসঙ্গে রবীন্দ্রনাথ ঠাকুর যে যুক্তি দেখিয়েছেন তা ব্যক্ত করো।

৮

- ৩। 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধের অনুসরণে সাহিত্য সম্বন্ধে রবীন্দ্রনাথের ধারণার পরিচয় দাও।

৮

অথবা

'রসের মধ্যে একটা নিত্যতা আছে।' — প্রাবন্ধিকের এই মন্তব্য বাস্তব প্রবন্ধে অবলম্বনে এই বক্তব্যের আলোকে বিশদ করো।

৮

- ৪। "তথ্য খণ্ডিত, স্বতন্ত্র-সত্যের মধ্যে সে আপন বৃহৎ ঐক্যকে প্রকাশ করে।" — তথ্য কীভাবে সাহিত্যে শেষ পর্যন্ত সত্যে পর্যবসিত হয়, তা রবীন্দ্রনাথ ঠাকুরের 'তথ্য ও সত্য' প্রবন্ধে অবলম্বনে বুঝিয়ে দাও।

৮

অথবা

রবীন্দ্রনাথ ঠাকুর 'নববর্ষা' প্রবন্ধে 'মেঘদূত' কাব্যের প্রসঙ্গ এনেছেন। বর্ষার অভ্যন্তর পরিচিত রূপের বাইরে যে নতুন রূপ তাতে উদ্ঘাটিত, তা সংক্ষেপে আলোচনা করো।

৮

(কাব্যনাট্য)

১। ‘চিত্রাঙ্গদা’ নাটকে প্রতিফলিত রবীন্দ্রনাথের প্রেম সম্পর্কিত ধ্যান ধারণার পরিচয় দাও। ৮

অথবা

কাব্যনাট্য ‘চিত্রাঙ্গদা’র কোরাস রীতির ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ৮

২। “আমি চিত্রাঙ্গদা,

দেবী নহি, নহি আমি সামান্য রমণী।”

কীভাবে চিত্রাঙ্গদা এই বোধে এসে পৌঁছেছে, চরিত্রটি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ৮

অথবা

‘চিত্রাঙ্গদা’ নাটকের অর্জুন চরিত্রের গুরুত্ব বিশ্লেষণ করো। ৮

৩। বুদ্ধদেব বসু’র ‘তপস্বী ও তরঙ্গিনী’ নাটকে যে পরিমাণ পৌরাণিক উপাদান লক্ষ করা যায়, তাতে নাটকটিকে পৌরাণিক নাটক বলে আখ্যাত করা যায় কিনা — এ বিষয়ে মতামত দাও। ৮

অথবা

‘তপস্বী ও তরঙ্গিনী’ নাটকের নায়ক-নায়িকার প্রথমে দেহগত আকর্ষণ কীভাবে নানা স্তর অতিক্রম করে প্রেমের মধ্যে দিয়ে তাদের মুক্তি ঘটালো তা বিশ্লেষণ করে দেখাও। ৮

৪। ‘তপস্বী ও তরঙ্গিনী’ নাটকে লোলাপাঙ্গী চরিত্রটি বিশ্লেষণ করে এই নাটকে তার অবতারণার প্রাসঙ্গিকতা বিচার করো। ৮

অথবা

‘তপস্বী ও তরঙ্গিনী’ নাটকের গৌণ চরিত্রগুলি নাটকটিকে কতটা সাফল্য দান করেছে, সেই বিষয়ে মতামত দাও। ৮